আজকের কাগজ

তারিখ 06 AUG 1993
পৃষ্ঠা ২ কলাম ৭

### রাজশাহী বিশ্ববিদ্যালয়ে উত্তেজনা

# দু'দল ছাত্রের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া গুলি বিনিময়

রাজশাহী থেকে হোসেন শহীদ সুমনঃ গতকাল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে দু'দল ছাত্রের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া এবং গুলি বিনিময় হয়। রাজশাহী বিআইটিতে ছাত্রলীগ (বা-কা) নেতা আব্দুল্লা-আল-তারিক প্রিন্স আহত হওয়ার প্রেক্ষিতে ছাত্রলীগ (বা-কা) রা. বি. কর্মিরা সকাল ১১টা ৪৫ মিনিটের দিক ছাত্রলীগ (ম-ই)-এর কর্মিদের ধাওয়া করলে ছাত্রলীগ (ম-ই) কর্মিরা ক্যাম্পাস ছেড়ে হলের দিকে চলে যায়। তখন ছাত্রলীগ (বা-কা) কর্মিরা, ছাত্রলীগ (ম-ই)-এর টেন্ট (ছাউনি) ভাঙচুর করে, এ সময়ে ছাত্রলীগ (ম-ই) রা. বি. শাখার সাধারণ সম্পাদক সায়ের উদ্দিন লাবলু ছুরিকাহত হয়। এ সময় ক্যাম্পাসে বেশ কয়েক রাউন্ড গুলি ও কয়েকটি ককটেল বিস্ফোরিত হলে সাধারণ ছাত্র-ছাত্রীরা প্রাণভয়ে দিক বিদিক দৌড়াতে থাকে। ঘটনার বিবরণে জানা গেছে, গত কয়েকদিন আগে রাজশাহী বিআইটি'র ২য় বর্ষ সিভিল বিভাগের ছাত্র, ছাত্রলীগ (ম-ই) কর্মি সাঈদ রেজা শান্ত ও ছাত্রলীগ (বা-কা) কর্মি প্রিন্সের সঙ্গে ছাত্রলীগ (ম-ই) কর্মিদের দ্বারা মারাত্মকভাবে আহত হওয়ার প্রেক্ষিতেই রা. বি.তে দু'দলের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার সূত্রপাত হয়। ছাত্রলীগ (বা-কা) কর্মিরা ক্যাম্পাস থেকে মিছিল করে মতিহার হলে অবস্থান নিলে দুপুর ১টার দিকে (ম-ই) কর্মিরা ক্যাম্পাসে জঙ্গী মিছিল নিয়ে প্রবেশ করে (বা-কা) এবং টেন্ট ভাঙচুর করে মিছিল নিয়ে সোহরাওয়ার্দী হল এলাকায় চলে যায়। প্রায় ৩ ঘন্টা বিরতির পর (ম-ই) কর্মিরা বিকেল ৪টা ৩০ মিনিটের দিকে মতিহার হল-এর দিকে এগুতে থাকলে পুনরায় দু'দলের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়, এ সময়েও বেশ কয়েকটি ককটেল ও গুলি বিস্ফোরিত হয়। ছাত্রলীগ (বা-কা) কর্মিদের প্রতিরোধের মুখে ছাত্রলীগ (ম-ই) কর্মিরা ক্যাম্পাস ত্যাগ করতে বাধ্য হয়। এরপর পুলিশ বিকেল ৫টার দিকে ঘটনাস্থলে পৌছলে পরিস্থিতি শান্ত হয়।

এদিকে ছাত্রনেতা সায়েব উদ্দিন লাবলুকে আঘাতের প্রতিবাদে (ম-ই) কর্মিরা গতকাল সন্ধ্যায় নগরীতে বিক্ষোভ মিছিল এবং সমাবেশ করেছে। বিক্ষুব্ধ কর্মীরা এ সময় জেলা জাসদ অফিসেরও ক্ষতিসাধন করে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত রা. বি. ক্যাম্পাস, বিআইটি এবং রাজশাহী মহানগরীতে তীব্র উত্তেজনা বিরাজ করছে। তবে রা. বি. ক্যাম্পাস, বিআইটি এবং আশপাশের এলাকায় বিপুলসংখ্যক পুলিশ মোতায়েন রয়েছে।